# 146549 - যে ব্যক্তি কোনো বৃক্ষ রোপন করে এর সওয়াব তার মৃত্যুর পরও জারী থাকে

## প্রশ্ন

যে ব্যক্তি খেজুর গাছ লাগায়, বীজ বপন করে কিংবা অন্য কিছু লাগায় এবং তার মৃত্যুর পর তার ওয়ারিশগণ এর থেকে উপকৃত হয়; সে কি এর সওয়াব পাবে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

“হ্যাঁ। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে সাব্যস্ত হয়েছে যে, “কোন মুসলিম কোন গাছ লাগালে বা বীজ বপন করলে; এর থেকে যদি কোন পাখি, মানুষ বা পশু ভক্ষণ করে তাহলে এটি তার জন্য সদকা।”

মুসলিম বান্দা যে বীজগুলো বপন করে কিংবা খর্জুর বৃক্ষ বা অন্য যে গাছগুলো লাগায় সেগুলোর জন্য সে সওয়াব পাবে। এর থেকে যা কিছু গ্রহণ করা হয়; যেমন এই সবুজ ভূমিতে কোন পশু চরল, কিংবা পাখি খেলে কিংবা কোন মানুষ এর থেকে ভক্ষণ করল; এগুলো তার জন্য সদকাস্বরূপ। অনুরূপভাবে এর থেকে যা কিছু সংগ্রহ করা হবে, মানুষকে দান করা হবে সেটোও সদকা। অনুরূপভাবে এর থেকে যা কিছু নিজের পরিবারকে দিবে সেটোও সদকা। এগুলো সবই এই গাছের মাধ্যমে তার জন্য অর্জিত কল্যাণ।”[সমাপ্ত]

মাননীয় শাইখ আব্দুল আযিয বিন বায (রহঃ)

ফাতাওয়া নুরুন আলাদ দারব (২/১২১৫)